এক নারীর দৃষ্টিতে নারায়ণ গঙ্গোপাধ্যায়ের নির্বাচিত গল্পে রাজনৈতিক, সামাজিক ও অর্থনৈতিক প্রেক্ষাপট

A

SYNOPSIS

Submitted in partial fulfillment in
of the requirement for the award of a degree Of
Doctor of philosophy

In the Department
***of* Bengali**

Submitted to

YBN UNIVERSITY

RAJAULATU, NAMKUM, RANCHI
JHARKHAND 834010 (INDIA)

Research Supervisor
DR.SANCHITA BANERJEE ROY
Assistant Professor,
Department of Bengali

Research Scholar
SUTAPA DEY
Enrollment No- YBNU2201151
Department of Bengali

শিরোনাম

এক নারীর দৃষ্টিতে নারায়ণ গঙ্গোপাধ্যায়ের ছোটগল্পে রাজনৈতিক,সামাজিক ও অর্থনৈতিক প্রেক্ষাপট

(The Political, Social, and economic aspects of Narayan Gangopadhyay's selected stories from a woman's perspective.)

সূচীপত্র

1. শিরোনাম
2. ভূমিকা (Introduction)
3. সাহিত্য পর্যালোচনা (Literature Review)
4. গবেষণা উদ্দেশ্য (object)
5. গবেষণার তাৎপর্য (significance of the study)
6. গবেষণার প্রকল্প(Major Research question/Hypothesis of a study)
7. গবেষণার পদ্ধতি (Research methodology)
8. অধ্যায় পরিকল্পনা (Proposed Chapter
9. বর্তমান যুগে নারায়ণ গঙ্গোপাধ্যায়ের প্রভাব
10. উপসংহার(conclusion)
11. সহায়ক গ্রন্থ(Reference)

ভূমিকা(Introduction)

ছোটগল্পের বিষয় নিয়ে নারায়ণ গঙ্গোপাধ্যায়ের অনুসন্ধান ও পরীক্ষার উৎসাহ যেমন সীমাহীন, গল্পের রূপ নিয়ে ও তার আগ্রহ অনুরূপ। সমাজ জীবনকে ঘিরে কত বিচিত্র লীলাতরঙ্গ, কত অভিব্যক্তি, ভাবনার কত বহুরঞ্জিত বিন্যাস, রহস্যের কত জটিল জটাজাল। শিল্পী তার বিশ্ময় মুগ্ধ দৃষ্টি ও বিশ্লেষণের নিপুনকৃৎকৌশল দিয়ে প্রায় সব দিককেই আবিষ্কার করতে চেয়েছেন-ছুঁতে চেয়েছেন। একইসঙ্গে মানব জীবন কেও ধরতে চেয়েছেন। শ্রেষ্ঠ শিল্পীমাত্রই পূর্ণতার সন্ধানী। খ্যাপার 'পরশপাথর' খোঁজার মতো তিনিও সন্ধান করে ফেরেন পূর্ণতার। নারায়ণ গঙ্গোপাধ্যায় ও তার অজস্র ছোটগল্পের টুকরো টুকরো আলোকণা দিয়ে সেই .পূর্ণতাকেই মুর্ত করতে চেয়েছেন।

কি নিয়ে হবে ছোট গল্প? তার উত্তর অন্বেষণ করতে গিয়েই আধুনিক যুগজীবন ও যুগ মানসের বহুধা বিষয়কে অবলম্বন করেছেন গল্পকার নারায়ণ গঙ্গোপাধ্যায়। ঐতিহ্যের অনুসরণ, সমকালীন প্রসঙ্গ, চিরন্তন বিস্তার, শিল্প চেতনা থেকে উঠে আসা আদর্শ ও বিশ্বাসের কেন্দ্র থেকে উৎসারিত নতুন ভাবনায় ঋদ্ধ হয়েছে তার গল্প।'নারায়ণ গঙ্গোপাধ্যায়ের ছোটগল্প: দেশ-কাল ও সমাজ' গ্রন্থে এ প্রসঙ্গে বিশদভাবে আলোচনা করা হয়েছে। বাংলা ছোট গল্পের বিশাল ঐশ্বর্যের উত্তরাধিকারী নারায়ণ গঙ্গোপাধ্যায় তার পর্যবেক্ষণ দৃষ্টি, অনুভূতি শক্তি, উপস্থাপনার নৈপূণ্য ও অসামান্য চরিত্রসৃজনের মাধ্যমে বাংলা ছোটগল্পের সীমানাকে অনেক দূর পর্যন্ত প্রসারিত করেছন।

বিষয়ের সঙ্গে গল্পের রূপের প্রসঙ্গ একই সূত্রে বিধৃত। অর্থাৎ কেমন ভাবে লেখা হবে ছোটগল্প? মহৎ সাহিত্য স্রষ্টা বিষয়ের বিচিত্র পথ পরিক্রমায় রচনাশৈলীকেও আত্তীকরণ করে নেন। এখানে স্বীকার্য যে, নারায়ণ গঙ্গোপাধ্যায় বাংলা ছোটগল্পের বিরাট ঐতিহ্যের উত্তরাধিকারী প্রাপ্ত হয়েছিলেন। বিশ্ব সাহিত্যের আঙিনায় তারস্বচ্ছন্দ যাতায়াত ছিল। পৃথিবীর প্রায় সব বিখ্যাত ছোট গল্পকার এবং তাদের ছোটগল্প সম্পর্কে তিনি অবহিত ছিলেন। ফলে ছোটগল্পের রূপ নির্মাণে তিনি বিচিত্র কলা কৌশল প্রদর্শন করেছেন, পরীক্ষা-নিরীক্ষা করেছেন নানাভাবে-নিঃসংকোচে। তাতে প্রচলিত রূপের প্রয়োগ যেমন রয়েছে, তেমনি নতুন নতুন রূপ সৃষ্টি ও

তিনি করেছেন। গবেষকের তত্ত্ব ভাবনাকে কেবলগ্রন্থিত করাই নয়, তার তত্ত্বনির্মাণকে প্রয়োগও করেছেন নিজের লেখা গল্প গুলির মধ্যে।

সাহিত্যের সর্বকনিষ্ঠ সন্তানটি হল ছোটগল্প। এই ছোটগল্প রূপরীতির দিক থেকে আজও একটি বিশিষ্ট মহিমায় প্রতিষ্ঠিত হয়ে আছে। স্বাভাবিকভাবে ছোটগল্প সম্বন্ধে সাহিত্য-পাঠকের কৌতূহল এর অন্ত নেই। পাঠকের কৌতুহল মেটানোর জন্য নারায়ণ গঙ্গোপাধ্যায়ের রচনা করেছিলেন 'সাহিত্যে ছোটগল্প' গ্রন্থটি। দুটি খন্ডে বিভক্ত এই গ্রন্থটি আজও সাহিত্য সমালোচনার জগতে একটি দিক-নির্ণায়ক সহায়রূপে গণ্য। এমনকি ছোট গল্প সাহিত্যের প্রেরণা, তত্ত্ব ও রূপ বৈচিত্র্য আলোচনা এবং তৎসহ ১৯ শতকেরশেষাংশে ছোটগল্পের পূর্ণবিকাশ পর্যন্ত ইতিহাসের সংযোজন এই গ্রন্থটিকে এক অসামান্য মাত্রা দিয়েছে। আর এই গ্রন্থেই নারায়ণ গঙ্গোপাধ্যায় ছোটগল্পের একটি পূর্ণাঙ্গ সংজ্ঞা নিরূপণ করেছেন। আধুনিক বাংলা ছোটগল্পের সংজ্ঞা নির্ধারণ করতে গিয়ে নারায়ণ গঙ্গোপাধ্যায় বলেছেন যে-"এ উনিশ শতকের এক সম্পূর্ণ নিজস্ব সামগ্রী-যা ইতঃপূর্বে-অন্তত এই রূপে-বিদ্যমান ছিল না। এ নভেলও নয়, রোমান্স ও। এ কবিতার মত ঐক্যভাবাশ্রয়ী-অথচ কল্পনামুখ্য নয়, জীবন নির্ভর।"তার ছোট গল্পগুলি পর্যালোচনা করলে দেখা যায় যে অধিকাংশ ছোটগল্পই মানুষের জীবন জীবিকা, বেঁচে থাকার উপায়, দেশভাগ, দুর্ভিক্ষ, মন্বন্তর প্রভৃতি বিষয় নিয়ে লেখা। নারায়ণ গঙ্গোপাধ্যায়ের ছোটগল্পের সংখ্যা প্রায় দেড়শতাধিক। এইসব গল্পগুলিতে গল্পকার বিশ্বযুদ্ধ, দুর্ভিক্ষ, মন্বন্তর, হিন্দু মুসলমান দাঙ্গা, দেশভাগ, ভাষা আন্দোলন প্রভৃতি সামাজিক, রাজনৈতিক ও অর্থনৈতিক সমস্যা গুলিকে বিশেষভাবে তুলে ধরেছেন। আর এরই প্রেক্ষাপটে গল্পকার নিজের বাস্তব জীবনের কথাও গল্পে উল্লেখ করেছেন। যেখানে বেকারত্ব, শিক্ষকতার বাস্তব জীবন অন্বেষণ, আর্থিক কষ্টের সংসার জীবনের কলহ বিবাদ এর মত ঘটনাগুলি গল্পের স্থান পেয়েছে। আর এই জন্য সমকালীন যুগের পাঠকমহলে গল্পকার নারায়ণ গঙ্গোপাধ্যায় এতটাই সমাদর লাভ করেছিলেন

সাহিত্য পর্যালোচনা (Literature Review)

1. 'নারায়ণ গঙ্গোপাধ্যায়ের ছোটগল্পে সামাজিক ও রাজনৈতিক বাস্তবতা', সঞ্জয় নাথ-
নারায়ণ গঙ্গোপাধ্যায়ের সাহিত্যে ও সমকালীন সমাজেরাজনৈতিক টানাপোড়েন মুর্ত হয়ে উঠেছে। বিশ্বযুদ্ধের তাণ্ডবে জাপানি আক্রমণের আশঙ্কা, ব্ল্যাক আউট, ১৩৫০ এর মন্বন্তর খাদ্য ও বস্ত্র সংকট, কন্ট্রোল কালোবাজার, কলেরার মড়ক, ১৯৪১ এর ভারতরক্ষা আইন, মেদিনীপুরের বন্যা, হিন্দু মুসলমানের দাঙ্গা, দেশভাগ ও উদ্বাস্তু সমস্যা-এক কথায় বাংলা তথা ভারতের রাজনৈতিক ইতিহাসের এক বেদনা রক্তিম অধ্যায় কে নিয়ে তিনি তার একটি বিশিষ্ট সাহিত্যধারা গড়ে তুলেছিলেন।

২.'নারায়ণ গঙ্গোপাধ্যায়: জীবন ও সাহিত্য', অনির্বাণ মান্না-নারায়ণ গঙ্গোপাধ্যায়ের জীবন ও সাহিত্য আলোচনায় পুঙ্খানুপুঙ্খ জীবনচর্যার পাশাপাশি লেখকেরঅখণ্ড সাহিত্য সত্তার অনুসন্ধান করা হয়েছে। সাহিত্য বিশ্লেষণ এর মাধ্যমে চল্লিশ, পঞ্চাশ, এবং ষাটের দশকের খন্ড খন্ড সময়গুলির মালা গেঁথে এক অখন্ড সময়কে নতুন করে আবিষ্কার করার। পূর্ববঙ্গ এবং পশ্চিমবঙ্গের আর্থ-সামাজিক-রাজনৈতিক-সাংস্কৃতিক এবং পূর্ণাঙ্গ রূপ।

3. 'নারায়ণ গঙ্গোপাধ্যায়: ছোট গল্পের রূপকার', অভিজিৎ গাঙ্গুলী-
নারায়ণ গঙ্গোপাধ্যায়ের ছোটগল্পে রাজনৈতিক চেতনা, সামাজিক ও রাজনৈতিক ঘটনার বিশ্লেষণ এবং আধুনিক জীবন সমস্যার প্রতিফলন, ছোটগল্পে প্রেম ও মনস্তত্ত্ব, নিসর্গ প্রকৃতির আলোচনা করেছেন।

4. 'মন্বন্তরের প্রেক্ষাপটে নারায়ণ গঙ্গোপাধ্যায়ের ছোটগল্প'কৌশিকোত্তম প্রামাণিক-
১৩৫০ এর মন্বন্তর কবলিত গ্রামবাংলা, সমগ্র বাংলাদেশ ব্যাপী এক অভাবনীয় পৈশাচিক জ জৈবিক ক্ষুধা জেগে উঠেছিল কালোবাজারি মহাচন্দের শোষণে ও ঘুষখোর প্রশাসনের সহযোগিতায়। ক্ষুধাকে নিবৃত্তি করে একমুঠো অন্নের আশায়, এক বাটি

ভাতের ফ্যানের আশায় অসংখ্য গ্রাম সমাজের মধ্যবিত্ত, নিম্নবিত্ত মানুষের দল উঠে এসেছিল রাস্তার বুকে।

5. 'নারায়ণ গঙ্গোপাধ্যায়ের ছোটগল্পে সামাজিক বাস্তবতার ভূমিকা', মোহা মহসিন আলী-
স্বাধীনতা আন্দোলন,দ্বিতীয় বিশ্বযুদ্ধ, মন্বন্তর, দাঙ্গা, দেশভাগ, উদ্বাস্তু সমস্যা ইত্যাদি বড় মাপের ব্যাপারগুলি আলোড়িত করেছিল। তিনি সেই যুগসংকটে দাঁড়িয়ে দেখেছিলেন বাংলাদেশে খাদ্যসংকটও বস্ত্র সংকটজনিত ভয়াবহতার একদিকে সমাজের দরিদ্র শ্রেণীর মানুষের অসহায় অবস্থা অন্যদিকে খাদ্য নিয়ে, বস্ত্র নিয়ে একশ্রেণীর মুনাফাবাজ, খাদ্যে ভেজাল মেশানো, এমনকি গ্রামের দরিদ্র অসহায় নারীকে ছলে কৌশলে পণ্যে পরিণত করার মত দুঃখজনক ঘটনা।

6. 'নারায়ণ গঙ্গোপাধ্যায়ের ছোটগল্প: জীবনের বিচিত্র প্রবাহ', শোভা সাঁতরা-
কেবল দ্বিতীয় বিশ্বযুদ্ধোত্তর সমকালের বিষয়গুলি নয় যুগনিরপেক্ষ যেকোনো তুচ্ছ বিষয়ও তার ছোটগল্পে অনায়াসে স্থান পেয়েছে। ছোটগল্পের চিরন্তন বিষয়বস্তুকে তিনি তার ছোটগল্পে উপযুক্ত মর্যাদা দান করেছেন

7. 'অনবদ্য বর্ণনা গুনে নারায়ণ গঙ্গোপাধ্যায়ের ছোটগল্প', মমতাজ বেগম-
দ্বিতীয় বিশ্বযুদ্ধোত্তর পটভূ ভূমিকায় জীবন যখন নির্মোহ, আবেগহীন, রোমান্টিকতাহীন হয়ে পড়েছে তখন মানুষের প্রতি মানুষের ভালোবাসা মুগ্ধতাকে নতুন রূপে বুনে তোলার চেষ্টা চালিয়েছেন।

8. 'বাংলা ছোটগল্পে উদ্বাস্তু সমস্যা: রুপোর রুপান্তরে', দেবাশীষ মন্ডল-
উদ্বাস্তু মানুষের সুস্থ জীবন যাপন দেশভাগের পর কেমন ভাবে রূপান্তরিত হয়ে একটা অভিশপ্ত অধ্যায় পতিত হলো, সেই বিষয়টিকে ফুটিয়ে তুলেছেন। একটা মানুষ যে দীর্ঘদিন ধরে তার পরিচিত বেষ্টনীতে বসবাস করেছে, অভ্যস্ত হয়ে উঠেছে তার পরিবেশ, তার পরিচিতি বিষয়ে। হঠাৎ একটা সময় নিজে জন্মভূমি ত্যাগ করে দাগাদাগিরআঁচড়ে তাদেরকে আছড়ে পড়তে হয়েছে বিভিন্ন প্রান্তে।

গবেষণার উদ্দেশ্য-

(OBJECT)

1. সংগৃহীত গল্প গুলি বিশ্লেষণ করে নিজের অভিজ্ঞতা জ্ঞানের দ্বারা সেই গল্পগুলি সত্যতা যাচাই করা। সেই সত্যের উপর ভিত্তি করে নিজের চিন্তাভাবনা, কল্পনা ও মন্তব্যের দ্বারা বিষয়টিকে পাঠকের সামনে তুলে ধরা এবং বিষয়টির নতুন নতুন দিক খোঁজার চেষ্টা করা।

2. গল্পগুলি নতুন নতুন দিক উদ্ভাবনের চেষ্টা।

3. গবেষণার দ্বারা নারায়ণ গঙ্গোপাধ্যায়ের নির্বাচিত গল্প গুলির সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক দিকগুলি একসঙ্গে তুলে ধরা।

4. ব্যক্তি মানুষটিকে জেনে তার রাজনৈতিক অর্থনৈতিক ও সামাজিক গল্পগুলি বিচার বিশ্লেষণে অখন্ড নারায়ণ গঙ্গোপাধ্যায়কে অন্বেষণ করাই গবেষণা সন্দর্ভের মূল উদ্দেশ্য।

5. গতানুগতিক রচনার রীতি ও পদ্ধতি ছাড়িয়ে আমি এই গবেষণা পত্রে গল্পকার নারায়ণ গঙ্গোপাধ্যায়ের নির্বাচিত কিছু গল্প সম্পর্কে সম্পূর্ণ নতুনভাবে আলোকপাত করার চেষ্টা করছি।

6. তিনি এখনো রাজনৈতিক এমনকি অর্থনৈতিক এই দুটো দিক তিনি যে গল্প লিখেছেন টোপ, দুঃশাসন, ভাঙা চশমা, নিম গাছ এগুলোতে যে রাজনৈতিক প্রেক্ষাপট ২০২৪ সালেও বঙ্গ সমাজে দেখতে পাচ্ছি। তাকে তার গল্পসহ সমাজ রাজনীতি ও অর্থনীতি চিত্রিত করা। নারায়ণ গঙ্গোপাধ্যায়ের গল্পে বহুদিক আলোচিত হয়েছে কিন্তু আমার মনে

হয় আরো কিছু ফাঁক থেকে গেছে সেই ফাঁক গুলোকে আমি উপস্থাপন করতে চাইছি।

গবেষণার তাৎপর্য

(SIGNIFICANCE OF THE STUDY)

কথাসাহিত্যিক,কবি, নাট্যকার, প্রাবন্ধিক ও অসাধারণ জনপ্রিয় অধ্যাপক ছিলেন আবার গল্পকারও ছিলেন। আবার বেতার জগতের সঙ্গে যুক্ত ছিলেন, চলচ্চিত্রের সঙ্গে যুক্ত ছিলেন। ফলে তার বহুমুখী প্রতিভা থাকার জন্য অনায়াসে তার গল্প থেকে আমরা অনেক কিছু রসদ পেতে পারি। তার গল্প আছে বলেই আমরা সেখান থেকে রসদ পাই। তার বহু গল্প আছে বলে সেখান থেকে অর্থনীতি, সমাজনীতি ও রাজনীতির দিক গুলি তুলে ধরতে পারছি। পূর্বসুরীরা তার গল্প নিয়ে বহু মূল্যবান আলোচনা করেছেন, তথাপি আমার মনে হয়েছে তার গল্পের বহু বিচিত্র দিক নিয়ে আলোচনা করা যেতে পারে।

গবেষণার পদ্ধতি

[RESEARCH METHODOLOGY]

বাংলা সাহিত্যে গবেষণার বিষয়ে বর্ণনামূলক পদ্ধতি, বিশ্লেষণমূলক পদ্ধতি এবং তুলনামূলক পদ্ধতিকে যথেষ্ট মান্যতা দিতে হয়। গবেষণার বিষয়বস্তু ও বিষয়বৈচিত্র্যের নানা দিক বিবেচনা করে প্রস্তাবিত গবেষণায় প্রাথমিক উপাদান (primary source) এবং গৌন উপাদান (Secondary source) থেকে তথ্য সংগ্রহ করা হবে। প্রাথমিক উপাদান বলতে সরকারি বিভিন্ন বিভাগীয় নথিপত্র, রাজনৈতিক নথিপত্র, সংবাদপত্র এবং সমকালীন জীবিত মানুষদের সাক্ষাৎকার কে বোঝানো হয়েছে। গৌন উপাদান বলতে বই, বিভিন্ন পত্রপত্রিকা, প্রকাশিত নিবন্ধ, সেমিনার পেপার ইত্যাদিকে বোঝানো হয়েছে। এই সমস্ত উপাদানের উপর ভিত্তি করে প্রস্তাবিত গবেষণা কর্মের অগ্রগতির দিকটি সূচিত হবে।

অধ্যায় পরিকল্পনা (Chapter Plan)

১. ভূমিকা

২. প্রথম অধ্যায়: নারায়ণ গঙ্গোপাধ্যায়ের জীবন ও সাহিত্য

৩. দ্বিতীয় অধ্যায়: নারায়ণ গঙ্গোপাধ্যায়ের গল্পে রাজনৈতিক চিত্র

৪. তৃতীয় অধ্যায়: নারায়ণ গঙ্গোপাধ্যায়ের গল্পে সামাজিক চিত্র

৫. চতুর্থ অধ্যায়: নারায়ণ গঙ্গোপাধ্যায়ের গল্পে অর্থনৈতিক চিত্র

৬. পঞ্চম অধ্যায়: নারায়ণ গঙ্গোপাধ্যায় ও সমসাময়িক ছোট গল্পকার

৭. উপসংহার

৮. সহায়ক গ্রন্থপঞ্জি

১. ভূমিকা-ভূমিকা অংশে গবেষণা কর্মের বিভিন্ন অধ্যায় বিভাজিত বিষয়বস্তুর সংক্ষিপ্তসারের উপর আলোকপাত করা হবে।

২. নারায়ণ গঙ্গোপাধ্যায়ের জীবন ও সাহিত্য-নারায়ণ গঙ্গোপাধ্যায় ছিলেন একজন ভারতীয় বাঙালী লেখক এবং শিক্ষাবিদ। তিনি উপন্যাস, ছোটগল্প, প্রবন্ধ, নাটক ও শিশু সাহিত্যে অবদান রেখেছেন। এই অধ্যায় আমরা নারায়ণ গঙ্গোপাধ্যায়ের জীবন ও সাহিত্য নিয়ে আলোচনা করব।

৩. নারায়ণ গঙ্গোপাধ্যায়ের গল্পে সামাজিক চিত্র-নারায়ণ গঙ্গোপাধ্যায়ের সামাজিক গল্পগুলি যেন সমাজের নানা অন্যায় অবিচারের বিরুদ্ধে জ্বলন্ত প্রতিবাদ। তার ছোট গল্প বীতংশ, নক্রচরিত, দুঃশাসন গল্পে সামাজিক চিত্রগুলো তুলে ধরব। এছাড়াও আরও অনেক গল্প নিয়ে আলোচনা করব।

৪. নারায়ণ গঙ্গোপাধ্যায়ের গল্পে অর্থনৈতিক চিত্র-নারায়ণ গঙ্গোপাধ্যায়ের ছোটগল্পে অর্থনৈতিক চিত্র সরাসরি উপস্থাপিত না হলেও, তার অনেক গল্পেই সমাজের অর্থনৈতিক অবস্থা, বিশেষ করে দুর্ভিক্ষ, মন্বন্তর এবং সাধারণ মানুষের জীবনযাত্রার প্রতিফলন দেখা যায়। তার টোপ গল্পের মত কিছু গল্পে মানবিক মূল্যবোধের অবক্ষয় ও সমাজের সংকট ও উঠে এসেছে যা অর্থনৈতিক অবস্থার সাথে সম্পর্কিত।

৫. নারায়ণ গঙ্গোপাধ্যায়ের গল্পে রাজনৈতিক চিত্র-নারায়ণ গঙ্গোপাধ্যায়ের রাজনৈতিক গল্প বলতে মূলত তার লেখা সেই গল্পগুলিকে বোঝায় যেগুলি সমসাময়ক রাজনৈতিক ও সামাজিক পরিস্থিতি প্রতিফলিত হয়েছে। তার গল্পগুলিতে প্রায়শই সাধারণ মানুষের জীবন, শ্রেণী সংগ্রাম এবং ক্ষমতার রাজনীতি বিষয় হিসেবে এসেছে। তিনি বামপন্থী রাজনীতির দ্বারা প্রভাবিত ছিলেন এবং তার ব্যক্তিগত রাজনৈতিক আদর্শ তার কিছু গল্পে প্রকাশিত হয়েছে। তার দুঃশাসন,কালনেমি, নিশাচর, ইতিহাস, সৈনিক প্রভৃতি গল্পে রাজনৈতিক চিত্র তুলে ধরা হবে।

৬. নারায়ণ গঙ্গোপাধ্যায় ও সমসাময়িক ছোট গল্পকার-এই অধ্যায়ে আমরা নারায়ণ গঙ্গোপাধ্যায় ও সমসাময়িক ছোট গল্পকারদের নিয়ে আলোচনা করব।

৭. উপসংহার-সবশেষে আলোচিত হবে নারায়ণ গঙ্গোপাধ্যায়ের পরবর্তী গল্পকারের তুলনায় নারায়ণ গঙ্গোপাধ্যায়ের স্বাতন্ত্র্য, আজকের দিনেও তার মনন চিন্তা চেতনার প্রাসঙ্গিকতা সম্পর্কে।।

বর্তমান যুগে নারায়ণ গঙ্গোপাধ্যায়ের প্রভাব

নারায়ণ গঙ্গোপাধ্যায় একাধারে সাহিত্যিক, অধ্যাপক ও সমালোচক ছিলেন। উপন্যাস ও ছোটগল্পের পারদর্শিতা থাকা সত্ত্বেও তাকে ছোট গল্পকার হিসেবে মূলত দেখা যায়। কারণ সমকালীন গল্পকারদের মধ্যে তার গল্প আপন স্বাতন্ত্রতায় উজ্জ্বল। নারায়ণ গঙ্গোপাধ্যায়ের গল্পগুলির প্রভাব আমরা বর্তমান যুগেও দেখতে পাচ্ছি। নারায়ণ গঙ্গোপাধ্যায়ের জন্মের ১০০ বছর পরেও তিনি প্রাসঙ্গিক, তার লেখা গল্পনিমগাছ, বীতংস,হাড় এইসব গল্পে রাজনীতি অর্থনীতিও আছে। এই গল্পগুলি বর্তমান যুগেও প্রাসঙ্গিক। তাই বর্তমান যুগে নারায়ণ গঙ্গোপাধ্যায়ের গল্প গুলি প্রভাব আছে।

উপসংহার (Conclusion)

নারায়ণ গঙ্গোপাধ্যায় একজন ইতিহাস ও ঐতিহ্য সচেতন গল্পকার, যিনি চিরন্তন আদর্শ ও গৌরবোজ্জ্বল অতীতকে শ্রদ্ধা করেন। আবার সৃষ্টিশীল বিবর্তনের সার্থকতাকে ওতিনি বিশ্বাস করেন; কিন্তু পুরানোকে অস্বীকার করে নয়। তার গল্পে অতীত ও বর্তমান, ঐতিহ্য ও আধুনিকতার মধ্যে যে বিরোধ দেখা গেছে, সেখানে বিরোধইশেষ কথা নয়। এদের মধ্যে যে দ্বন্দ্ব এবং সংশ্লেষণ, তার মধ্যে এক নতুন আদর্শকে গল্পকার নারায়ণ গঙ্গোপাধ্যায় প্রতিষ্ঠা করতে চেয়েছিলেন তার ছোটগল্পগুলিতে।

সমকালীন একটি অশান্তযুগের সাক্ষী নারায়ণ গঙ্গোপাধ্যায়। দেশের অশান্ত সময়ের পটভূমিতে তার গল্প রচনা সূত্রপাত। এই সময় একটির পর একটি সংকটের কাল ঘনিয়ে এসেছিল ভারতবর্ষের বুকে। তাই সময়ের বস্তুনিষ্ঠ ছবি কখনো পরোক্ষভাবে ফুটে উঠেছিল তার গল্পে। তার যে সব গল্পে সময়ের প্রতিফলন অত্যন্ত স্পষ্ট, সেই সব গল্পের কথা পূর্বেই আলোচিত হয়েছে। স্বাধীনতা আন্দোলন, দ্বিতীয় বিশ্বযুদ্ধ, মন্বন্তর, দেশভাগ, উদ্বাস্তুসমস্যা, ভাষা আন্দোলন ইত্যাদি প্রধান প্রধান ঘটনার আলোকে সমকালকে ধরার প্রচেষ্টা তার গল্পে লক্ষ্য করা যায়। যুগের সংকট আর অবক্ষয়ের কথা বলতে গিয়ে গল্পকার অবশ্য আশা হারিয়ে ফেলেননি। গল্পের শেষে প্রত্যয়ী আশ্বাসবাণী বারে বারে ধ্বনিত হয়েছে। যা নতুন সমাজ গঠনের অনেকটাই কার্যকরী ভূমিকা গ্রহণ করেছে বলে মনে হয়।

দেশে-দেশে, কালে-কালে বাস্তব সমাজচিত্রের পরিবর্তন ঘটে সময়ের ঘাত-প্রতিঘাতে। সেই রূপান্তরশীল বাস্তব সমাজের প্রতিচ্ছবি বিবৃত হয় ছোটগল্পের মধ্যে। সমকালীন ঘটনাবলী সমাজ জীবনের উপর ব্যাপক প্রভাব ফেলায় নারায়ণ গঙ্গোপাধ্যায়ের ছোটগল্পের চরিত্রগুলিতে দেখা গেছে হাজার জটিলতা, এমনকি তার বহু গল্পই এই সব জটিলতার স্বাক্ষর বহন করে। শ্রেণি বৈষম্যযুক্ত সমাজের শোষণের নানা চেহারা, শ্রেণি সংঘর্ষ ও অবক্ষয় রূপকে বিভিন্ন দৃষ্টিকোণ থেকে দেখার চেষ্টা করেছেন গল্পকার নারায়ণ গঙ্গোপাধ্যায়। তারই দক্ষ রূপায়ণ ঘটেছে তার বিভিন্ন গল্পে। শোষণ প্রক্রিয়ার বহু বিচিত্র কৌশল তার অনেকগুলি গল্পের বিষয়বস্তু। বর্তমান সমাজ ব্যবস্থায় শ্রেণি বৈষম্যের নানারূপ এবং শোষণের বৈচিত্র্যকে গল্পে রূপ

দিতে গিয়ে গল্পকার স্পষ্টভাবেই তুলে ধরতে চেয়েছেন সামাজিক, রাজনৈতিক ও অর্থনৈতিক সমাজ চিত্রকে। মার্কসের মতে,- 'সমাজে সর্বনিম্ন স্তরের উৎপাদক শ্রেণিই সর্বাপেক্ষা অধিক শোষিত। প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে এদের শোষণ করেই অন্যান্য শ্রেণি জীবন যাপন করে'। আর এই বাস্তব সত্যকে গ্রহণ করে সমাজকে শোষণমুক্ত করার উপদেশ প্রদান করে নারায়ণ গঙ্গোপাধ্যায় অনেকগুলি ছোটগল্প রচনা করেছিলেন।

শ্রেষ্ঠ সাহিত্যিকরা অনেক দুঃখ, হতাশার মধ্যেও আশার আলো ফুটিয়ে তুলতে চান। নারায়ণ গঙ্গোপাধ্যায়ের গল্প রচনার সূত্রপাত ঘটেছিল দেশ ও জাতির গভীর দুর্দিনে। বাস্তব জীবনের অসহায়তায় জর্জরিত মানবজীবন তার গল্পে বিশেষভাবে চিত্রিত। কিন্তু আশ্চর্যভাবে আমরা লক্ষ্য করি যে, সমস্ত সংকটের মধ্যেও বারে বারে এক ধরনের আশা, বিশ্বাস ও শুভ সম্ভবনার প্রত্যয়বাণী তার গল্পে প্রতিষ্ঠিত হয়েছে। এই আশা বাদ বেশিরভাগ ক্ষেত্রেই গণ-জাগরণ বা গণ-চেতনায় রূপ নিয়েছে। গল্পের মধ্যে গল্পকারের স্বপ্ন ও প্রত্যাশার প্রকৃত বাস্তবায়ন হয়তো হয়নি, হওয়া সম্ভব নয়। তবে, নারায়ণ গঙ্গোপাধ্যায় একটা সম্ভাবনাকে জাগিয়ে দিতে পেরেছিলেন তার ছোটগল্পগুলির মাধ্যমে।

সহায়ক গ্রন্থপঞ্জি (Reference)

1. দত্ত সরোজ, গঙ্গোপাধ্যায় নারায়ণ, পশ্চিমবঙ্গ বাংলা একাডেমি ১৯৯৬

2. গঙ্গোপাধ্যায়, নারায়ণ 'শিল্পীর স্বাধীনতা' 'দেশ'(সাপ্তাহিক পত্রিকা), কলকাতা, ৫জানুয়ারি ১৯৬৩

3. ভট্টাচার্য, জগদীশ (সম্পাদিত) 'নারায়ণ গঙ্গোপাধ্যায়ের শ্রেষ্ঠ গল্প', প্রকাশ ভবন, কলকাতা ৭৩, বিংশ মুদ্রণ, কার্ত্তিক ১৪২৩

4. দত্ত সরোজ: নারায়ণ গঙ্গোপাধ্যায়: প:ব: একাডেমি ১৪০২

5. মিত্রসরোজমোহন: বাংলা গল্প ও ছোট গল্প: তুলসী প্রকাশন, ১৪০৪

6. দত্ত বীরেন্দ্র, 'বাংলা ছোট গল্প: প্রসঙ্গ ও প্রকরণ'এসপি পাবলিশিং ৪ঠা পৌষ, ১৩৯৬

7. মুখোপাধ্যায় অরুনকুমার,'কালেরপুত্তলিকা'বাংলা ছোটগল্পের একশবিশবছর, দেজ পাবলিশিং কলকাতা৭০০০৭৩প্রথম প্রকাশ ২০05 মুদ্রণ

8. গঙ্গোপাধ্যায় নারায়ণ, গল্প সমগ্র, মিত্র ও ঘোষ পাবলিশার্স

9. মুখোপাধ্যায়, অসিত, বাংলা সাহিত্যের সংক্ষিপ্ত ইতিবৃত্তি, কলকাতা মর্ডানবুক এজেন্সি, ১৯৯৮ মুদ্রণ

10. দেশিপ্রা, নারায়ণ গঙ্গোপাধ্যায়ের ছোটগল্প: শৈলী, পুস্তক বিপনী ১৪০৩

11. মন্ডল, মৃণালকান্তি, কথা সাহিত্যের কিছু কথা, বঙ্গীয় সাহিত্য সংসদ, প্রথম প্রকাশ: রথযাত্রা, ২০১৭

12. গঙ্গোপাধ্যায় নারায়ণ, ছোট গল্পের সীমারেখা, প্রকাশ ভবন, কলকাতা প্রথম প্রকাশ: ফাল্গুন ১৩৭৬, মার্চ ১৯৫৯

13. গঙ্গোপাধ্যায় নারায়ণ, 'সমগ্র কিশোর সাহিত্য', 'ছোটবেলার স্মৃতি', আনন্দ পাবলিশার্সপ্রা:লি:, কলকাতা-৯ জুলাই ১৯৯১

14. দেবী, আশা ও গঙ্গোপাধ্যায় অরিজিৎ, নারায়ণ গঙ্গোপাধ্যায় রচনাবলী (১মখন্ড) 'আমার কথা', মিত্র ও ঘোষ পাবলিশার্সপ্রা: লিঃ কলকাতা-৯, জানুয়ারি ১৯৭৮

15. মুখোপাধ্যায় অরুন কুমার, কালের প্রতিমা, লেজ পাবলিশার্স,১৩বঙ্কিম চ্যাটার্জি স্ট্রিট, কলকাতা৭০০০৭৩পঞ্চম সংস্করণ: মাঘ ১৪২২, ফেব্রুয়ারি ২০১৬

16. গঙ্গোপাধ্যায় নারায়ণ, সাহিত্যে ছোট গল্প, মিত্র ওঘোষ, কলকাতা

17. চৌধুরী, ভূদেব, বাংলা সাহিত্যের ছোট গল্প ও গল্পকার, মডার্ন বুক এজেন্সি প্রাইভেট লিমিটেড, ১৫ ই সেপ্টেম্বর, ১৯৮৪

18. মুখোপাধ্যায়, প্রভাত কুমার, বাছাই গল্প, সম্পাদনা বারিদবরণ ঘোষ, মন্ডল বুক হাউস, জন্মাষ্টমী, ভদ্র ১৪০১